দৈনিক ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া

# জাহাজ নির্মাণশিল্পে দক্ষ জনবল সৃষ্টির উদ্যোগ

## এডিবির অর্থায়নে ৩ বছরে ১০ হাজার যুবককে প্রশিক্ষণ

g শামীম হামিদ, চট্টগ্রাম অফিস  ১৮ জানুয়ারী, ২০১৬ ইং ০০:০০ মিঃ

দেশের বিকাশমান জাহাজ নির্মাণ শিল্পে দক্ষ জনবল সৃষ্টির কর্মসূচি হাতে নিয়েছে সরকার। এডিবির অর্থায়নে তিন বছর মেয়াদী এ কর্মসূচির আওতায় এই শিল্পে কর্মরত এবং নবীন দশ হাজার যুবককে বিভিন্ন ক্ষেত্রে দক্ষতা অর্জনে সহায়ক প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণ প্রাপ্ত শ্রমিকরা দেশীয় চাহিদা পূরণের পাশাপাশি বিদেশেও কর্মসংস্থান লাভের যোগ্যতা অর্জন করবেন।

গতকাল শনিবার চট্টগ্রামে অর্থ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বিভাগ ও রপ্তানিমুখী জাহাজ নির্মাণ শিল্প মালিকদের সংগঠন অ্যাসোসিয়েশন অব এক্সপোর্ট ওরিয়েন্টেড শিপবিল্ডিং ইন্ডাস্ট্রিজ অব বাংলাদেশ (এইওএসআইবি)-এর মধ্যে এক চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তির আওতায় বাংলাদেশের জাহাজ নির্মাণ সেক্টরের দক্ষতা সম্প্রসারণে ২৯ কোটি ৪২ লক্ষ টাকা ব্যয় করবে সরকার। এর ফলে জাহাজ নির্মাণ শিল্পের গুণগত মান ও উতপাদনশীলতা বাড়ার পাশাপাশি বহির্বিশ্বে বাংলাদেশে নির্মিত জাহাজের বাজার আরো সম্প্রসারিত হবে বলে সংশ্লিষ্টরা আশা করছেন।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অর্থ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও ফাইনান্স বিভাগের স্কিল্‌স্ ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (এসইআইপি) এর জাতীয় প্রকল্প পরিচালক জালাল আহমেদ। বিশেষ অতিথি ছিলেন একই মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এসইআইপি প্রকল্পের নির্বাহী পরিচালক আব্দুর রউফ চৌধুরী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রপ্তানিমুখী জাহাজ শিল্প মালিক সমিতির সাধারণ সম্পাদক মো. সাখাওয়াত হোসেন, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশনের সভাপতি সালাহউদ্দিন কাশেম খান।

এসইআইপি বাংলাদেশের বিভিন্ন সম্ভাবনাময় সেক্টরের দক্ষতা বৃদ্ধির জন্য এডিবি'র একটি প্রকল্প। তিন বতসর মেয়াদী প্রকল্পের প্রথম বছরে ২ হাজার জন এবং ২য় ও ৩য় বছরে যথাক্রমে ৫ হাজার ৫০০ ও ২ হাজার ৫০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হবে। যে সকল ক্ষেত্রে প্রশিক্ষণ প্রদান করা হবে সেগুলো হচ্ছে ওয়েল্ডিং এবং ফেব্রিকেশন, মেশিনারি প্রতিস্থাপন, মেশিন টুলস্ অপারেশন, পাইপিং, ইলেকট্রিক্যাল ও নেভিগেশন, ইকুইপম্যান্ট প্রতিস্থাপন, এইচভিএসি প্রতিস্থাপন টেকনোলজি, পেইন্টিং, সিএনসি অপারেশন, সিএডি ও সিএএম এবং কোয়ালিটি কন্ট্রোল। প্রশিক্ষণ প্রাপ্তদের আন্তর্জাতিক সনদ প্রদান করা হবে।

অনুষ্ঠানে অতিরিক্ত সচিব জালাল আহমেদ বলেন, আমাদের দেশে শ্রম সস্তা হলেও শ্রমিকের উতপাদনশীলতা কম। গত দুই যুগ আমরা গার্মেন্টস শিল্পের ওপর নির্ভরশীল ছিলাম। তবে পরিবর্তিত চাহিদার প্রেক্ষাপটে রপ্তানির অন্য খাতগুলোর গুরুত্ব বৃদ্ধি পাওয়ায় এসব খাতে দক্ষ জনবল প্রয়োজন হয়ে পড়েছে। এ বিষয়টি বিবেচনা করে অর্থ মন্ত্রণালয়ের অধীনে এসইআইপি প্রকল্পের অধীনে প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। প্রাথমিক পর্যায়ে বিভিন্ন খাতে ২ লক্ষ ৬০ হাজার জনকে প্রশিক্ষণ দেয়া হবে। তিনি বলেন, বর্তমানে প্রতি বছর প্রবাসী বাংলাদেশিরা ১৫ বিলিয়ন ডলার রেমিট্যান্স দেশে প্রেরণ করেন। আবার বাংলাদেশে কর্মরত বিদেশি নাগরিকরা এই দেশ থেকে ৫ বিলিয়ন ডলার তাদের নিজ নিজ দেশে প্রেরণ করেন। তবে বাংলাদেশে দক্ষ জনবল থাকলে বিদেশিরা বাংলাদেশ থেকে এতো টাকা নিয়ে যেতে পারতেন না। দেশের টাকা দেশেই থাকতো।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।
© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত